আমার সন্তানের হেফাজত পরিবর্তিত হলে, বা আমার সন্তান কাস্টোডিয়াল পিতা মাতার সাথে আর না থাকলে কী হবে?

পরিস্থিতির কোনো পরিবর্তন হলে, যেমন সন্তান আর কাস্টোডিয়াল পিতা মাতার সাথে থাকছেন না, আপনাকে যত শীঘ্র সম্ভব পারিবারিক আদালতে একটি পরিবর্তনের আবেদন জমা করতে হবে।

আমি একটি পেমেন্ট না দিলে কী হবে?

পেমেন্টগুলি কখন প্রদেয় হচ্ছে এবং প্রদান করা হচ্ছে শিশু সহায়তা কর্মসূচি তার উপর নজর রাখে। একটি পেমেন্ট না দিলে বা দিতে দেরি হলে, আপনার অ্যাকাউন্ট নির্ধারিত সময় পেরিয়েছে এরকম দেখাবে, যাকে "প্রদেয়" বলা হয়ে থাকে। একটি অ্যাকাউন্টের পরিশোধের নির্দিষ্ট সময় পেরিয়ে গেলে সেটি বিভিন্ন ধরণের স্বয়ংক্রিয় আইনি পদক্ষেপকে প্ররোচিত করবে যার মধ্যে আছে আপনার ড্রাইভার লাইসেন্স বাতিল করে দেওয়া, আপনার ট্যাক্স রিফান্ড এবং/অথবা ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা, ঋণ বা ক্রেডিট এজেন্সিগুলিকে রিপোর্ট করা, পাসপোর্ট প্রত্যাখান করা, এবং অন্যান্য পদক্ষেপ। সময়মতো সঠিক অর্থ পরিশোধ করাই আপনার পক্ষে সবথেকে ভালো।

আমি আমার অ্যাকাউন্টের উপর কিভাবে ট্র্যাক রাখব?

childsupport.ny.gov এ অনলাইনে বা 888-208-4485 (TTY 866-875-9975) নম্বরে ফোন করে আপনি আপনার অ্যাকাউন্ট তথ্য পেতে পারেন। আপনি সঠিক সময়ে পুরো অর্থ পাচ্ছেন কিনা তা নিশ্চিত করতে নিয়মিতভাবে আপনার অ্যাকাউন্ট পরীক্ষা করা আপনার পক্ষে সবথেকে ভালো উপায়। ওয়েবসাইটে আপনার তথ্য অ্যাক্সেস করার জন্য আপনার একটি ব্যক্তিগত পরিচিতি নম্বর (personal identification number, PIN) প্রয়োজন।

আমি কিভাবে একটি ব্যক্তিগত পরিচিতি নম্বর (PIN) পাবো?

একটি PIN এর জন্য অনুরোধ জানাতে, শিশু সহায়তা হেল্পলাইনে ফোন করুন বা আপনার নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security number, SSN), অ্যাকাউন্ট নম্বর (নম্বরগুলি) দিয়ে একটি স্বাক্ষরিত চিঠি এই ঠিকানায় পাঠান:

অ্যাটেনশান: PIN

New York State Child Support Processing Center
PO Box 15365
Albany, NY 12212-5365

childsupport.ny.gov

888-208-4485 (TTY 866-875-9975)

NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of Temporary and Disability Assistance

otda.ny.gov

Pub-4944-BE (Rev. 08/15)

আপনার সন্তানকে আর্থিক ও মানসিকভাবে সহায়তা করুন

নন কাস্টোডিয়াল পিতা মাতার জন্য শিশু সহায়তা সম্পর্কে ধারণা

শিশু সহায়তা জরুরি কেন?

শিশু সহায়তা হল আপনার শিশুর আর্থিক প্রয়োজনকে সহায়তা করার জন্য একটি আদালতের-আদেশকৃত দায়বদ্ধতা। চিকিৎসা পরিচর্যায় আপনার সন্তানের অ্যাক্সেস নিশ্চিত করতে আপনাকে আপনার সন্তানের জন্য বিমা কভারেজও করতে হতে পারে। উপরন্তু, শিশু পরিচর্যা বা শিক্ষার খরচকে আওতাভুক্ত করতে আদালত একটি অর্থরাশি যোগ করতে পারে। এমনকি আপনি আপনার সন্তানের সাথে না থাকলে, আপনার সন্তানের জীবনে আপনাকে প্রয়োজন। অন্যান্য পিতা মাতদের সাথে আপনার সমস্যাগুলির কারণে আপনার পেমেন্ট বন্ধ করে দেবেন না।

আমাকে শিশু সহায়তা প্রদান করতে হবে কেন?

সহায়তার জন্য সন্তানরা উভয় পিতামাতার উপর নির্ভর করে। একটি সন্তানকে মানুষ করা ব্যয়সাপেক্ষ, এবং সন্তানের যা প্রয়োজন তা পূরণ করতে উভয় পিতামাতাকেই খরচটি ভাগ করে নিতে হবে, বর্তমান এবং ভবিষ্যত উভয় সময়েই। শিশু সহায়তা প্রদান করে, আপনি আপনার সন্তানকে সফল হওয়ার সুযোগ দিতে পারবেন।

শিশু সহায়তার পেমেন্ট এবং আমার সন্তানের সাথে দেখা করার মধ্যে কি কোনো সম্পর্ক আছে?

না। আপনার শিশু সহায়তা প্রদান এবং আপনার সন্তানের সাথে দেখা করা দুটি আলাদা বিষয়। আপনাকে দেখা করতে দেওয়া হচ্ছে না বলে আপনি শিশু সহায়তা প্রদান করা বন্ধ করতে পারবেন না। দেখা করা একটি সমস্যা হলে, দেখা করার আদেশ পাওয়ার জন্য আপনাকে পারিবারিক আদালতে একটি আবেদন জমা করতে হবে।

কর্মসূত্রে আমি অন্য কোথাও গেলে বা চাকরি পরিবর্তন করলে কী হবে?

আপনি অন্য কোথাও গেলে বা চাকরি পরিবর্তন করলে আপনাকে *অবশ্যই* আপনার তথ্য আপডেট করতে হবে। আপনি শিশু সহায়তা হেল্পলাইনের 888-208-4485 (TTY 866-875-9975) নম্বরে ফোন করে এটি করতে পারেন।

আমি কাস্টোডিয়াল পিতামাতাকে সরাসরি পেমেন্ট করলে কী হবে?

আপনার আদালত আদেশনামা যদি নির্দেশ দেয় যে আপনাকে অবশ্যই সহায়তা সংগ্রহ কেন্দ্রের (Support Collection Unit, SCU) মাধ্যমে পেমেন্ট করতে হবে, তাহলে সরাসরি কাস্টোডিয়াল পিতামাতাকে সরাসরি পেমেন্ট ***করবেন না***। আপনি কাস্টোডিয়াল পিতামাতাকে সরাসরি পেমেন্ট করা বেছে নিলে, SCU আপনাকে ওই পেমেন্টগুলির জন্য ক্রেডিট দিতে পারবে না। উপরন্তু, আদালত ওই ধরণের পেমেন্টগুলিকে একটি শিশু সহায়তার পেমেন্ট হিসাবে বিবেচনা না করে একটি উপহার হিসাবে বিবেচনা করতে পারে।

আমার চাকরি চলে গেলে বা অসুস্থতা বা আঘাতের জন্য কাজ করতে না পারলে আমাকে কী করতে হবে?

আপনার চাকরি চলে গেলে বা কাজ করতে অক্ষম হয়ে গেলে, এবং আপনার শিশু সহায়তার পেমেন্টগুলি করতে না পারলে, আপনার যে পরিমাণ অর্থ প্রদান করা প্রয়োজন তার একটি পরিবর্তনের অনুরোধ জানিয়ে পারিবারিক আদালতে একটি পরিবর্তনের আবেদন জমা করতে হবে। পরিবর্তনের আবেদনটি যত শীঘ্র সম্ভব জমা করতে হবে, কারণ কিছু কমানো হলে তা শুধুমাত্র আপনার আবেদন জমা করার তারিখ থেকে কার্যকর হবে।

কিভাবে এবং কোথায় আমি আমার পেমেন্ট করব?

আপনি সাকার হলে, সহায়তা সংগ্রহ কেন্দ্র (SCU) আপনার নিয়োগকারীকে একটি আয় আটকানোর আদেশ (income withholding order, IWO) পাঠাবে যাতে আপনার শিশু সহায়তা পেমেন্টগুলি স্বয়ংক্রিয়ভাবে আপনার বেতন থেকে চলে আসে। আপনার আদালতের শুনানি এবং আপনার নিয়োগকারী কখন IWO পাচ্ছেন এবং পেমেন্টগুলি পাঠানো শুরু করছেন তার মধ্যে কয়েক সপ্তাহের ব্যবধান থাকতে পারে। তাই, এই সময়ের মধ্যে আপনার অবশ্যই SCU কে নিজে থেকে পেমেন্ট পাঠিয়ে দেওয়া উচিত, যাতে আপনার পেমেন্ট বাকি না থেকে যায়। আপনি স্ব-নিযুক্ত, একজন ঠিকাদার, বেকার, বা একটি চাকরিই ছেড়ে আর একটি চাকরিতে যোগ দেবেন, এমন হলে আপনাকে আপনার পেমেন্টগুলি SCU কে নিচের ঠিকানায় পাঠাতে হবে:

New York State Child Support Processing Center
PO Box 15363
Albany, NY 12212-5363

সমস্ত পেমেন্টে আপনার নাম, ঠিকানা, শিশু সহায়তা অ্যাকাউন্ট নম্বর (নম্বরগুলি), কাউন্টির নাম এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) অন্তর্ভুক্ত করুন।